"শিল্পে প্রাকৃতিক গ্যাস, গৃহস্থালিতে বিকল্প জ্বালানী"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

BAPEX

**বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)**

পরিকল্পনা বিভাগ

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

www.bapex.com.bd

সূত্র নং-২৮.০৯.০০০০.০৬৪.০৬.০৩২.২০/৪৪৬ তারিখ: ১৫-০৬-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

(এ, কে, এম, মনজুর কবীর)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা)

বিতরণ:

১) সকল মহাব্যবস্থাপক/ প্রকল্প পরিচালক/উপমহাব্যবস্থাপক.................................. বাপেক্স।

অনুলিপি:

১) ব্যবস্থাপক (সমন্বয়) টু চেয়ারম্যান, পেট্রোবাংলা।
২) উপব্যবস্থাপক (সমন্বয়) টু পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা।
৩) উপব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।
৪) অফিস কপি।

**বিষয়ঃ ১৬-০৫-২০২০ তারিখে অনুষ্ঠিত বাপেক্স এর প্রকল্পসহ সার্বিক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভায় গৃহিত সিদ্ধান্তের বিপরীতে কার্যব্যবস্থা ও অগ্রগতি।**

সভাপতিঃ জনাব মোঃ মোস্তফা কামাল, অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

তারিখঃ ০৮-০৬-২০২০

সময়ঃ বিকাল ০৪.০০ ঘটিকা

মাধ্যমঃ ভার্চুয়াল সিস্টেম

**ভূমিকাঃ**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ভার্চুয়াল সিস্টেমে ০৭-০৫-২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় বাপেক্স এর সার্বিক কর্মকান্ড মনিটরিং এর লক্ষ্যে মন্ত্রণালয়ের পক্ষে জনাব মোঃ মোস্তফা কামাল, অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং পেট্রোবাংলার পক্ষ থেকে জনাব মোঃ আইয়ুব খান চৌধুরী, পরিচালক (পরিকল্পনা) মহোদয়কে দায়িত্ব প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় বাপেক্স এর অগ্রগতি পর্যালোচনার জন্য ১৬-০৫-২০২০ তারিখে ভার্চুয়াল সিস্টেমে জনাব মোঃ মোস্তফা কামাল, অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর সভাপতিত্বে অনুষ্ঠিউক্ত সভায় বিভিন্ন সিদ্ধান্ত/নির্দেশনা প্রদান করা হয়। অতঃপর ০৮-০৬-২০২০ তারিখে সভাপতি মহোদয় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বিপরীতে বাপেক্স এর কার্যব্যবস্থা এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলাকে অনুরোধ জানান। সভার বিষয়ভিত্তিক আলোচনা নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচ্যসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|---|
| ১.০ | অর্গানোগ্রাম প্রণয়ন | পেট্রোবাংলা হতে পত্র প্রাপ্তির পর দক্ষিণ এশিয়ার অন্যান্য কোম্পানী যেমন: ONGC, OGDCL এর সাথে বাপেক্স-এর জন্য IIFC কর্তৃক প্রস্তাবিত অর্গানোগ্রাম এবং বর্তমান অর্গানোগ্রাম তুলনামূলক চিত্র উপস্থাপন করতে হবে, যা জনাব মোঃ মোস্তফা কামাল, অতিরিক্ত সচিব মহোদয় এবং পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা মহোদয়ের নিকট পরীক্ষা নিরীক্ষা ও নির্দেশনার জন্য প্রেরণ করতে হবে। | পেট্রোবাংলা হতে অর্গানোগ্রাম বিষয়ে চেয়ারম্যান পেট্রোবাংলা এর সাথে আলোচনা হয়। প্রয়োজনীয় মতামতসহ অনতিবিলম্বে অর্গানোগ্রাম ফেরৎ পাঠানো হবে মর্মে তিনি জানান।<br><br>পেট্রোবাংলা হতে পত্র প্রাপ্তির পর অনতিবিলম্বে দক্ষিণ এশিয়ার অন্যান্য কোম্পানী ও IOC যেমন: ONGC, OGDCL, Chevron এর সাথে বাপেক্স-এর জন্য IIFC কর্তৃক প্রস্তাবিত অর্গানোগ্রাম এবং বর্তমান অর্গানোগ্রাম তুলনামূলক চিত্র উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ২.০ | শ্রীকাইল ইস্ট-১ কূপ থেকে শ্রীকাইল গ্যাসক্ষেত্র পর্যন্ত গ্যাস গ্যাদারিং লাইন স্থাপন | মার্চ ২০২১-এর মধ্যে গ্যাস গ্যাদারিং পাইপলাইন স্থাপন কাজ সম্পাদন করতে হবে। ভূমি অধিগ্রহণের জন্য ১৮-০৬-২০২০ তারিখের মধ্যে আবেদন জানিয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করতে হবে। | গ্যাস গ্যাদারিং পাইপলাইন সংগ্রহের নিমিত্ত পত্রিকায় ১১-০৬-২০২০ তারিখে বিজ্ঞাপন প্রকাশিত হবে। ১৪-০৬-২০২০ থেকে দরপত্র প্রস্তাব বিক্রয় করা হবে। কমিটি কর্তৃক সার্ভে কাজ সম্পন্ন হয়েছে। কমিটি জমির দাগসূচী প্রণয়ন করে ১৮-০৬-২০২০ তারিখের মধ্যে ভূমি অধিগ্রহণের আবেদন জানিয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করবে। | মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৩.০ | Dry, Abandoned and Suspended Well | EOI প্রস্তাব জমার সময় বৃদ্ধির বিষয়টি কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় রেখে পরিচালনা পর্ষদের প্রাক-অনুমোদন সাপেক্ষে নির্ধারণ করা যেতে পারে। বর্তমান করোনা ভাইরাসজনিত পরিস্থিতিতে সময় ০১ মাস অর্থাৎ ১০-০৭-২০২০ পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১১-০৬-২০২০ তারিখে EOI প্রস্তাব জমার তারিখ নির্ধারিত আছে। তবে রাশিয়ার প্রতিষ্ঠান Rotor ও নেদারল্যান্ড এর প্রতিষ্ঠান Eriell প্রস্তাব জমাদানের সময় বৃদ্ধির জন্য আবেদন করেছে। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় রেখে অধিকতর প্রতিযোগিতার লক্ষ্যে EOI প্রস্তাব জমা প্রদানের তারিখ ২৩-০৭-২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। RFP তৈরীর কাজ আগামী ৩০ জুন তারিখের মধ্যে সম্পন্ন হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন),<br>মহাব্যবস্থাপক (ভূপদার্থ),<br>মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.০ | জকিগঞ্জ-১ | ৫-০৬-২০২০ এর মধ্যে সিলেট-৯ কূপ খনন আরম্ভ করতে হবে। দ্রুততম সময়ে কূপ খনন শেষ করে কূপ খননে ব্যবহৃত বিজয়-১২ রিগ ও অন্যান্য মালামাল জকিগঞ্জ-১ অনুসন্ধান কূপ খনন এলাকায় স্থানান্তর করতে হবে। | কূপ এলাকায় পূর্ত নির্মাণ কাজ চলমান আছে। সিলেট-৯ কূপ খনন শেষে নভেম্বর, ২০২০ মাসের মধ্যে রিগ মবিলাইজেশন করা হবে। | প্রকল্প পরিচালক, রূপকল্প-২ খনন প্রকল্প মহাব্যবস্থাপক (খনন) |
| ৫.০ | মাদারগঞ্জ-১ | ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে জিএন্ডজি কমিটিকে অত্র এলাকায় নতুন নামে নতুন লোকেশন নির্ধারণ করতে হবে। | জিএন্ডজি কমিটি নতুন নামে নতুন লোকেশন চূড়ান্তের লক্ষ্যে প্রয়োজনীয় কর্মকাণ্ড ৩০-০৭-২০২০ এর মধ্যে সম্পন্ন করবে। | G&G কমিটি মহাব্যবস্থাপক (ভূপদার্থ) মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)) |
| ৬.০ | Socar AQS রূপকল্প-৫ খনন প্রকল্প | ১১-০৬-২০২০ তারিখের মধ্যে বিরোধ নিষ্পত্তির জন্য গঠিত কমিটির কাজ শেষ করতে হবে। | কমিটির কার্যক্রম চলমান। কমিটি ১২-০৬-২০২০ তারিখের মধ্যে আইনজ্ঞের মতামত পাওয়া যাবে মর্মে অবহিত হয়েছে। কমিটি খসড়া প্রতিবেদন ১১-০৬-২০২০ তারিখের মধ্যে প্রস্তুত করবে। কমিটি আইনজ্ঞের মতামত সম্বলিত চূড়ান্ত প্রতিবেদন ১৮-০৬-২০২০ তারিখের মধ্যে দাখিল করবে। | মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) প্রকল্প পরিচালক, রূপকল্প-৫ খনন প্রকল্প |
| ৭.০ | BGFCL এর ৭টি ওয়ার্কওভার কার্যক্রম | ১৫-০৬-২০২০ এর মধ্যে কাজ শুরু করতে হবে। | ১৫-০৬-২০২০ এর পর দেশে প্রবেশের নিষেধাজ্ঞা প্রত্যাহার সাপেক্ষে বিদেশী কনসালটেন্ট আনার পর তিতাস-৭ এর কার্যক্রম শুরু হবে বলে প্রকল্প পরিচালক জানিয়েছেন। | মহাব্যবস্থাপক (খনন) |
| ৮.০ | Fenchuganj-3 & 4 ওয়ার্কওভার কার্যক্রম | শ্রীকাইল-৪ এর ওয়ার্কওভার ডিসেম্বর, ২০২০ এর মধ্যে সম্পন্ন করে অতঃপর ফেঞ্চুগঞ্জ-৩, ৪ সম্পন্ন করতে হবে। | বাপেক্স পরিচালনা পর্ষদ কর্তৃক ৪২৪তম সভায় বাপেক্স এর নিজস্ব অর্থায়নে প্রায় ১০.০০ কোটি টাকা ব্যয়ে শ্রীকাইল-৪ ওয়ার্কওভার কাজ আগামি ০১-১০-২০২০ থেকে ৩১-১২-২০২০ সময়ে সম্পাদনের নিমিত্ত অনুমোদিত হয়েছে।<br>কমিটি ফেঞ্চুগঞ্জ-৩ ও ৪ ওয়ার্কওভারের যৌক্তিকতা বিষয়ে ৩০-০৬-২০২০ এর মধ্যে প্রতিবেদন দাখিল করবে। | মহাব্যবস্থাপক (খনন) |
| ৯.০ | Mubarakpur: (Deep Drilling) টেন্ডার কার্যক্রম মূল্যায়ন প্রসঙ্গে | Gazprom এর সাথে প্রাইস নেগোসিয়েশন কার্যক্রমের পূর্বাপর যাবতীয় তথ্য এবং সার্বিক বিষয় উল্লেখপূর্বক ০৫-০৭-২০২০ এর মধ্যে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করতে হবে। | ভূতাত্ত্বিক বিভাগ কর্তৃক প্রেরিত ভূতাত্ত্বিক তথ্যাদি সন্নিবেশ করে প্রশাসন বিভাগ এতদবিষয়ে আগামি ০৫-০৭-২০২০ এর মধ্যে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |
| ১০.০ | Rupkalpa-9<br><br>Seismic Survey | চলতি বর্ষা মৌসুমের পর কাজ শুরু করতে হবে। | মাঠ পর্যায়ে সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। পরবর্তী শুষ্ক মৌসুমে নভেম্বর, ২০২০ থেকে জানুয়ারি, ২০২১ সময়কালের মধ্যে সাইসমিক সার্ভে সম্পন্ন করা সম্ভব হবে। | প্রকল্প পরিচালক, রূপকল্প-৯ খনন প্রকল্প |
| ১১.০ | 2D Seismic Survey Over Block 15 & 22 প্রকল্প | নির্ধারিত ২০০০ লাইন কিমি সার্ভে আউট সোর্সিং ক্রু এর মাধ্যমে সম্পাদনের প্রক্রিয়া বিশেষ বিধান আইন-২০১০ এর আওতায় সম্পন্ন করতে হবে। | পরিচালনা পর্ষদ থেকে প্রয়োজনীয় অনুমোদন পাওয়া গিয়েছে। প্রয়োজনীয় বারুদ ও যন্ত্রপাতি ক্রয়, জনবল এবং গাড়ি ভাড়ার জন্য দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হয়েছে। | মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রকল্প ব্যবস্থাপক, 2D Seismic Survey Over Block 15 & 22 প্রকল্প |
| ১২.০ | MOECO | বিশেষ বিধান আইন-২০১০ এর আওতায় MoU সম্পাদন করার লক্ষ্যে আইন মন্ত্রণালয় হতে সিদ্ধান্ত পাওয়া গেছে। উক্ত সিদ্ধান্ত ০৯-০৬-২০২০ এর মধ্যে পত্রাকারে বাপেক্স-এ প্রেরণ করা হবে। | আইন মন্ত্রণালয় হতে প্রেরিত ভেটিং দু'এক দিনের মধ্যে পাওয়া যাবে। যথাসময়ে বাপেক্স পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণপূর্বক MoU স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করা হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |
| ১৩.০ | ১৯টি প্রকল্পের অগ্রাধিকার নির্ধারণ | ২০২১-২০৪১ সালে বাস্তবায়নের জন্য বাপেক্স থেকে ৬টি সাইসমিক সার্ভে (২ডি ও ৩ডি), ৩টি অনুসন্ধান কূপ খনন, ১টি উন্নয়ন কূপ খনন, ১টি ওয়ার্কওভার কার্যক্রম, ১টি প্রসেস | "শরিয়তপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প" শীর্ষক প্রকল্প প্রস্তাবনা বাপেক্স পরিচালনা পর্ষদে অনুমোদিত হয়েছে এবং পেট্রোবাংলার জিডিএফ কমিটি কর্তৃক ০৭-০৬-২০২০ তারিখে অনুমোদিত হয়েছে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্ল্যান্ট ক্রয় ও স্থাপন, ৫টি রিগ পুনর্বাসন এবং ৩টি অন্যান্য প্রকল্প প্রস্তাব করা হয়েছে। পরবর্তী সভায় অগ্রাধিকার নির্ণয় করার জন্য যৌক্তিকতার ভিত্তিতে প্রস্তাব উপস্থাপন করতে হবে। | | |
| ১৪.০ | ৫টি গভীর অনুসন্ধান কূপ (শ্রীকাইল নর্থ-১, মোবারকপুর সাউথ ইস্ট-১, সুনেত্র-২, শৈলকুপা-১ ও সাভার-সিঙ্গাইর-১) খনন প্রকল্প | প্রাইস নেগোসিয়েশন কার্যক্রমে গ্যাজপ্রম কর্তৃক সাড়া না দেওয়ায় জটিলতার সৃষ্টি হয়। পূর্বাপর যাবতীয় তথ্য উল্লেখপূর্বক সার্বিক বিষয় উল্লেখ করে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করতে হবে। | ভূতাত্ত্বিক বিভাগ কর্তৃক প্রেরিত ভূতাত্ত্বিক তথ্যাদি সন্নিবেশ করে প্রশাসন বিভাগ এতদবিষয়ে আগামি ০৫-০৭-২০২০ এর মধ্যে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |
| ১৫.০ | ২টি অনুসন্ধান কূপ (টবগী-১ ও ইলিশা-১) এবং ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ-২) খনন প্রকল্প | Technical Sub Committee (TSC) প্রাইস নেগোসিয়েশনের লক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে। | Technical Sub Committee (TSC) কর্তৃক প্রাইস নেগোসিয়েশনের লক্ষ্যে ১৫-০৬-২০২০ তারিখে ভিডিও কনফারেন্স-এ অংশগ্রহণের জন্য Gazprom বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রকল্প ব্যবস্থাপক, ২টি অনুসন্ধান কূপ এবং ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন প্রকল্প |
| ১৬.০ | শাহবাজপুর গ্যাসক্ষেত্রের জন্য ৬০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প | "শাহবাজপুর গ্যাসক্ষেত্রের জন্য ৬০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন" শীর্ষক প্রকল্প বাস্তবায়নে বাপেক্স কর্তৃক গৃহীত ব্যবস্থার অগ্রগতি পরবর্তী সভায় আবহিত করতে হবে। | করোনা পরিস্থিতির কারণে দরপত্র গ্রহণের তারিখ ২৭-০৭-২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। গ্যাস সরবরাহ পরিস্থিতি উল্লেখ করে ২০-০৫-২০২০ তারিখে ব্যবস্থাপনা পরিচালক, এসজিসিএল মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। সুন্দরবন গ্যাস কোম্পানি-কে পত্র দেয়া হয়েছে।<br>ডিপিপি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। শীঘ্রই সভা অনুষ্ঠিত হবে বলে জানা গেছে। | মহাব্যবস্থাপক (উৎপাদন), মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রকল্প ব্যবস্থাপক, শাহবাজপুর গ্যাসক্ষেত্রের জন্য ৬০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প |
| ১৭.০ | সিলেট-৯ কূপ খনন | সিলেট-৯ কূপ খনন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | বাপেক্সের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে।<br>১৫ জুন, ২০২০ এর পর দেশে প্রবেশের নিষেধাজ্ঞা প্রত্যাহার সাপেক্ষে বিদেশী কনসালটেন্ট আনা গেলে খনন কার্যক্রম শুরু হবে বলে প্রকল্প পরিচালক জানিয়েছেন। | মহাব্যবস্থাপক (খনন) |
| ১৮.০ | ৬ মাসের কর্মপরিকল্পনা | মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বাপেক্স-এর আগামী ৬ মাসের কর্মপরিকল্পনা ১২-০৬-২০২০ তারিখের মধ্যে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক ১১-০৬-২০২০ তারিখের মধ্যে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হবে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| ১৯.০ | কূপ খনন/ওয়ার্ক ওভারের Time Bound Schedule | প্রতিটি কূপের খনন/ওয়ার্ক ওভার কাজের Time Bound Schedule প্রণয়ন করতে হবে। | 8th Five Year Plan এর আলোকে ভবিষ্যৎ খনন/ওয়ার্ক ওভার কাজের Time Bound Schedule ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে। | মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| ২০.০ | জিএন্ডজি কমিটির লোকেশন প্রদান | জিএন্ডজি কমিটি কর্তৃক প্রদত্ত নতুন কূপের লোকেশনসমূহের যাবতীয় কাজকর্ম কত দিনের মধ্যে সম্পন্ন হবে তার বিশদ তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | কমিটি আগামী ১৫-০৭-২০২০ এর মধ্যে তথ্য-উপাত্তসহ শ্রীকাইল, মেলান্দহ, বেগমগঞ্জ ও সুন্দলপুর এলাকায় নতুন কূপের স্থান চিহ্নিত করনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | G&G কমিটি<br>মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |
| ২১.০ | ৩ডি সাইসমিক সার্ভে | নাইকোর বিরুদ্ধে মামলায় বিজয়ের প্রেক্ষিতে নাইকোর পরিত্যক্ত এলাকায় ৩ডি সাইসমিক কাজের জন্য নতুন প্রকল্প গ্রহণের প্রস্তাব দ্রুততার সাথে যাচাই করতে হবে। | ছাতকসহ অন্যান্য কয়েকটি স্থানে ৩ডি সাইসমিক সার্ভের সম্ভাব্যতা পর্যালোচনা করে প্রতিবেদন তৈরির কাজ আগামী ৩০ জুন, ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন হবে। ১২, ১৩, ১৪ ও ০৯ ব্লকসমূহ এসজিএফসিএল ও বিজিএফসিএল এর নামে বরাদ্দ থাকায় অনুসন্ধান কাজে সমস্যা হয়েছে। | G&G কমিটি<br>মহাব্যবস্থাপক (ভূপদার্থ), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব), ভূতপূর্ব প্রকল্প পরিচালক, ৩ডি সাইসমিক সার্ভে অব বাপেক্স |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | বাপেক্স এর পরিচালনা পর্ষদের মাধ্যমে উক্ত ব্লকসমূহ বাপেক্স এর অনুকূলে বরাদ্দ প্রদান বিষয়ে সিদ্ধান্ত কামনা করা হবে।<br>প্রসঙ্গত উল্লেখ্য যে, ICSID রায়ে বলেছে বিস্ফোরনের দায় নাইকোকেই নিতে হবে এবং নাইকো বাংলাদেশকে ক্ষতিপূরণ প্রদান করবে। ক্ষতির বিষয়টি চূড়ান্ত করতে আগামি সেপ্টেম্বর, ২০২০-এ আবার শুনানি হওয়ার কথা রয়েছে, তবে করোনা পরিস্থিতির কারনে সেটি পিছিয়ে যেতে পারে।<br>তবে, উল্লিখিত ব্লকে ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার জন্য সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন ৩০-০৭-২০২০ এর মধ্যে দাখিল করা হবে। | |
| ২২.০ | ডাটা সেন্টারে সংরক্ষিত ডাটার তালিকা | ডাটা সেন্টারে সংরক্ষিত ডাটাসমূহের হালনাগাদ তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ডাটা সেন্টারে সংরক্ষিত ডাটাসমূহের হালনাগাদ তালিকা প্রণয়ন করে পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। | মহাব্যবস্থাপক (ডাটা ম্যানেজমেন্ট) |
| ২৩.০ | বিজয়-১০, ১১, ১২, আইডিকো রিগ মেরামত, আইপিএস রিগ আপগ্রেডেশন এবং রিগ সহায়ক যন্ত্রপাতি প্রতিস্থাপন প্রকল্প | কোম্পানির নিজস্ব অর্থ ব্যয়ে "বিজয়-১০, ১১, ১২, আইডিকো রিগ মেরামত, আইপিএস রিগ আপগ্রেডেশন এবং রিগ সহায়ক যন্ত্রপাতি প্রতিস্থাপন প্রকল্প" শীর্ষক প্রকল্প বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পেট্রোবাংলার জিডিএফ কমিটির ০৭-০৬-২০২০ তারিখের সভার পরামর্শ অনুসারে নিজস্ব অর্থ ব্যয়ে "বিজয়-১০, ১১, ১২, আইডিকো রিগ মেরামত, আইপিএস রিগ আপগ্রেডেশন এবং রিগ সহায়ক যন্ত্রপাতি প্রতিস্থাপন প্রকল্প" শীর্ষক প্রকল্পটি বাপেক্স পরিচালনা পর্ষদের আগামি ৪২৫তম সভায় অনুমোদিত হলে পেট্রোবাংলায় ডিপিপি প্রেরণ করা হবে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা), প্রকল্প ব্যবস্থাপক, বিজয়-১০, ১১, ১২, আইডিকো রিগ মেরামত, আইপিএস রিগ আপগ্রেডেশন এবং রিগ সহায়ক যন্ত্রপাতি প্রতিস্থাপন প্রকল্প |

অত্র সভার অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। সভায় বর্ণিত বিষয়সমূহ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক নিশ্চিত করবেন।
আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| মহাব্যবস্থাপক (পরিকল্পনা) | |
| কোম্পানী সচিব | |
| প্রকল্প পরিচালক | |
| ব্যবস্থাপক (সমন্বয়) | |
| তারিখঃ | সময়ঃ |

২৩/০৬/২০

১৫/৬/২০২০

(মোঃ মোস্তফা কামাল)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নং- ২৮.০৯.০০০০.০৬৪.০৬.০৩২.২০/৪৪৪ তারিখঃ ১৫.০৬.২০২০

সদয় জ্ঞাতার্থে:

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (প্রতীমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

২। সিনিয়র সচিব এর একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। ব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে):

১। পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা

২। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

৩। মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক.......................................................................

৪। অফিস কপি।